গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfc.gov.bd

বিষয় : **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় (অক্টোবর-ডিসেম্বর/২২ ২য় ত্রৈমাসিক) সভার কার্যবিবরণী।**

সভাপতি : মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
স্থান : ব্যুরোর সম্মেলন কক্ষ।
তারিখ : ২৮ ডিসেম্বর ২০২২; সময়: বেলা ১১-০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| ১.১ | **নৈতিকতা কমিটির সভা:** ২০২২-২০২৩ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির ৪টি সভা আয়োজনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সভায় নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা করার বিষয়ে আলোকপাত করা হয়। | ২০২২-২০২৩ অর্থ বছরের গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রতি কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা করতে হবে। কার্যবিবরণী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ ও ব্যুরোর ওয়েব সাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ১.২ | **নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা, উশিব্যু/ প্রকল্প পরিচালক, বিএলপি, উশিব্যু। |
| ১.৩ | **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:** মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট এনজিওদের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি সভা করার লক্ষ্য নির্ধারণ রয়েছে। ২য় ত্রৈমাসিক সভা গত ১৪/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে সভা করতে হবে। | উপ-পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু। |
| ১.৪ | **শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:** ২০২২-২০২৩ অর্থবছরে মোট ৪টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যস্থির করা হয়েছে। ২য় কোয়াটারে ২টি এবং ৩য় কোয়াটারে ২টি প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত রয়েছে। ইতোমধ্যে অক্টোবর-ডিসেম্বর/২২ তারিখের মধ্যে মোট ৫টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |
| ১.৫ | **কর্ম-পরিবেশ উন্নয়ন:** ৩১/১২/২০২২ তারিখের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্য স্থির করা হয়েছে। সভায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়। | লক্ষ্যস্থিত তারিখের মধ্যে অফিসের কর্ম-পরিবেশ উন্নয়নে যথাযথ কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ, অর্থ ও লজিঃ) ও স্টোর কর্মকর্তা, উশিব্যু। |
| ১.৬ | **আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:** ৩১/১২/২০২২ এবং ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদানের লক্ষ্যস্থির আছে। ইতোমধ্যে জেলা পর্যায়ে তাদের ২য় ত্রৈমাসিকের প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন পাওয়ার পর জানুয়ারি | জেলা পর্যায়ে গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ৪ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। প্রতিবেদন প্রাপ্তির পর ৭-১০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে জুম মিটিং এর মাধ্যমে ফিডব্যাক প্রদান করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) সহকারী পরিচালক, জেউশিব্যু, সকল জেলা। |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২০২৩ মাসের ২য় সপ্তাহে জুম মিটিং এর মাধ্যমে ফিডব্যাক প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | | |
| ২. | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | |
| ২.১ | **২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ:** ২২-২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনপূর্বক তা ওয়েবসাইটে আপলোডের জন্য ৩০/০৬/২০২২ এবং সংশোধিত ক্রয় পরিকল্পনা ৩০/৩/২০২৩ তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশের লক্ষ্যস্থির করা হয়েছে। ২২-২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩০/০৬/২০২২ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ উল্লেখিত ৩০/৩/২০২৩ তারিখের মধ্যে (revised) ক্রয় পরিকল্পনা পুনরায় ব্যুরোর ওয়েব সাইটে আপলোড করতে হবে। | সিষ্টেম এনালিষ্ট/ উপ-পরিচালক (পরিকল্পনা)/ উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ),/সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |
| ২.২ | **অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ):** অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণে সকলকে আন্তরিকতার সহিত কাজ করা আহবান জানানো হয়। | লক্ষ্যস্থিত ২৫% অনুযায়ী ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা/প্রশাসন ও অর্থ), উশিব্যু। |
| ২.৩ | **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা:** আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচির সমাপ্তিতে আগামী ৩০/৬/২০২৩ তারিখে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের লক্ষ্যস্থির করা হয়েছে। কর্মসূচি সমাপ্তির দুই মার্স পূর্ব হতে এ বিষয়ে কার্যক্রম গ্রহন করার বিষয়ে আলোকপাত করা হয়। | আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি সমাপ্তি শেষে আগামী ৩০/৬/২০২৩ তারিখে কর্মসূচির সমূদয় সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ, অর্থ ও লজিঃ) ও ষ্টোর কর্মকর্তা, উশিব্যু। |
| ৩. | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| ৩.১ | **সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ:** সরকার কর্তৃক জারীকৃত সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অনুযায়ী যানবাহনের যথাযথ ব্যবহারের বিষয়টি নিশ্চিতকরণার্থে প্রশাসন ও লজিস্টিকস শাখার কর্মকর্তাসহ সকল শাখার কর্মকর্তাগণকে অধিকতর সচেষ্ট থাকার আহবান জানানো হয়। বর্তমানে এ বিষয়টি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। | সরকার কর্তৃক জারীকৃত সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অনুযায়ী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (অর্থ ও লজি.)/(প্রশাসন ও প্রশিক্ষণ) সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |
| ৩.২ | **দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য একদিনের কর্মশালা আয়োজন:** দাপ্তরিক কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য একদিনের কর্মশালা আয়োজনের জন্য ৩০/১০/২০২২ এবং ৩০/০৩/২০২৩ তারিখের লক্ষ্যস্থিত রয়েছে। ইতোমধ্যে ১ম কোয়াটারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০ ও ২১ সেপ্টেম্বর/২০২২ তারিখ দুটি ১(এক) দিনের সেমিনার অনুষ্ঠান করা হয়েছে। | বিষয় ভিত্তিক অবশিষ্ট সেমিনার/কর্মশালা আগামী (জানুয়ারী-মার্চ/২২) জানুয়ারী ২০২৩ মাসের মধ্যে অনুষ্ঠান করতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |
| ৩.৩ | **সেবা গ্রহীতাদের অভিযোগ/দুর্ভোগ প্রতিকার ব্যবস্থা:** ৩১/১০/২০২২ এবং ৩০/০৩/২০২৩ তারিখের মধ্যে সেবা গ্রহীতাদের অভিযোগ/দুর্ভোগ প্রতিকারের লক্ষ্যস্থির করা হয়েছে। ১ অক্টোবর ২০২২ হতে ২০ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত ব্যুরোতে ৯টি অভিযোগ পাওয়া গিয়েছে যার মধ্যে ৮টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। | সেবা গ্রহীতাদের প্রাপ্তব্য অভিযোগ/দুর্ভোগ প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও প্রশিক্ষণ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |
| ৩.৪ | **মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান:** প্রতি ত্রৈমাসিকে ৫০ জন করে ব্যুরোর সর্বমোট ২০০ জন কর্মকর্তা/কর্মচারীকে উক্ত প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্য স্থির করা হয়েছে। ২য় ত্রৈমাসিক অর্থাৎ অক্টোবর- | লক্ষ্যস্থিত ২০০ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ)/সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ডিসেম্বর/২২ মাসে ৫টি প্রশিক্ষণের মাধ্যমে মোট ১৫৩ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অধিকতর যত্নবান হওয়ার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: আব্দুল মান্নান)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ২২২২৮৭৮৯৫
e-mail: dg@bnfe.gov.bd

--

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৭.১৬.১০৬.২২-২৮২

তারিখ: ১৭ পৌষ ১৪২৯
০১ জানুয়ারি ২০২৩

**কার্যার্থে:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। সিষ্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা---(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। উপ-পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
৪। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৫। লাইব্রেরিয়ান/ষ্টোর অফিসার, উশিব্যু, ঢাকা।
৬। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল), জেলাঃ.........................................
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে:**

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোহাম্মদ খালেদ)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
ফোনঃ ২২২২৯২৭৪০